গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
খাদ্য মন্ত্রণালয়
অভ্যন্তরীন সংগ্রহ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mofood.gov.bd

নম্বর: ১৩.০০.০০০০.০৪৩.৩৫.০০১.২১.৯১

তারিখ: ২৩ বৈশাখ ১৪২৮
০৬ মে ২০২১

**পরিপত্র**

বিষয়: অভ্যন্তরীণ বোরো ২০২১ সংগ্রহ মৌসুমে ধান ও চাল সংগ্রহ বিষয়ক নির্দেশনা।

চলতি বোরো ২০২১ সংগ্রহ মৌসুমে ইতোমধ্যে ৬.৫০ লাখ মে.টন ধান ও ১০.০০ লাখ মে.টন সিদ্ধ চাল সংগ্রহের লক্ষ্যমাত্রা ধার্য করে উপজেলাওয়ারী বিভাজন মাঠ পর্যায়ে প্রেরণ করা হয়েছে। বোরো ২০২১ ধান ও চাল সংগ্রহ সফল করার জন্য নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা হলো:

১। ধান সংগ্রহের ক্ষেত্রে অবিলম্বে জেলা/উপজেলা সংগ্রহ ও মনিটরিং কমিটির সভা সম্পন্ন করতে হবে। কৃষকের অ্যাপের বাইরে উপজেলাসমূহে লটারি করে ধান সংগ্রহ দ্রুত শুরু ও শেষ করতে হবে। কৃষকের অ্যাপভুক্ত উপজেলাসমূহে রেজিস্ট্রেশন দ্রুত সম্পন্ন করে সিস্টেমে লটারি করে কৃষক নির্বাচনপূর্বক দ্রুত ধান সংগ্রহ করতে হবে। তবে যেহেতু দ্রুততার সাথে সংগ্রহ কার্যক্রম সম্পন্ন করতে হবে সেহেতু যথাসময়ে কৃষকের তালিকা পাওয়া না গেলে এবং কৃষকের অ্যাপে কাঙ্ক্ষিত সংখ্যক আবেদন পাওয়া না গেলে আগে আসলে আগে পাবেন ভিত্তিতে প্রকৃত কৃষকের কাছ থেকে বিনির্দেশ সম্মত ধান ক্রয় করতে হবে। এ বিষয়ে গত ০৩ মে ২০২১ তারিখের ৮৮ নং স্মারকে ও ০৪ মে ২০২১ তারিখের ৮৯ নং স্মারকে সুস্পষ্টভাবে নির্দেশনা দেয়া হয়েছে।

২। ধান সংগ্রহের বিষয়টি মাইকিং, লিফলেট বিতরণ, স্থানীয় কেবল টিভি স্ক্রলে প্রদর্শন প্রভৃতি উপায়ে বহুল প্রচারণার জন্য সার্বিক ব্যবস্থা গ্রহণ করতে হবে;

৩। যেহেতু চলমান চাল সংগ্রহ মৌসুমে পাক্ষিক ছাঁটাই ক্ষমতা অপেক্ষা বরাদ্দ কম তাই চাল সংগ্রহ ৩০ জুন ২০২১ এর মধ্যে ৭৫%, জুলাই ২০২১ এর মধ্যে বাকী ১৫% এবং আগষ্ট ২০২১ এর মধ্যে বাকী ১০% সম্পন্ন করার জন্য (তারিখ, পরিমাণ, সময়ভিত্তিক (period) সিডিউল প্রস্তুতপূর্বক) জেলা, উপজেলা ও গুদামভিত্তিক রোডম্যাপ তৈরি ও সে অনুসারে সংগ্রহ সম্পন্ন করতে হবে;

৪। সংগৃহীত প্রতিটি চালের বস্তায় সর্বশেষ নির্দেশনা অনুযায়ী স্টেনসীল প্রদান নিশ্চিত করতে হবে;

৫। ০৯.০৫.২০২১ খ্রি. তারিখের মধ্যে চাল সংগ্রহের জন্য মিলারদের সাথে চুক্তি সম্পন্ন করতে হবে। চুক্তির মেয়াদ কোনক্রমে বাড়ানো হবে না। চুক্তি সম্পন্ন হওয়ার অব্যবহিত পর দ্রুত সময়ের মধ্যে মিলারদের অনুকূলে বরাদ্দপত্র ইস্যুকরতঃ সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অনুলিপি দিয়ে অবহিত করতে হবে;

৬। যুগপৎভাবে ধান ও চাল সংগ্রহ কার্যক্রম বাস্তবায়ন ও ত্বরান্বিত করতে হবে;

৭। বিনির্দেশসম্মত ধান ও চাল সংগ্রহের জন্য অভ্যন্তরীণ খাদ্যশস্য সংগ্রহ নীতিমালা, ২০১৭ অনুসারে ২০২১ সালে উৎপাদিত বোরো ধান-চাল সংগ্রহ নিশ্চিত করতে হবে। ব্যত্যয়ে সংশ্লিষ্টদের বিরুদ্ধে কঠোর প্রশাসনিক ব্যবস্থা গ্রহণ করা হবে;

৮। খাদ্য গুদামসমূহে কৃষকবান্ধব পরিবেশ নিশ্চিত করতে হবে। কৃষক যেন কোনক্রমেই হয়রানির শিকার না হয় তা নিশ্চিত করতে হবে;

৯। গুদামে স্থান সংকুলান না হলে চলাচল সূচি প্রণয়ন নীতিমালা, ২০০৮ অনুসারে জেলা খাদ্য নিয়ন্ত্রক, আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর স্ব স্ব অধীক্ষেত্রে বিধি মোতাবেক স্থান সৃষ্টির লক্ষ্যে চলাচল সূচি জারি করবেন;

১০। ধান সংগ্রহ কার্যক্রমে জেলা খাদ্য নিয়ন্ত্রক ও আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রকগণের নিবিড় মনিটরিং অব্যাহত রাখতে হবে;

১১। প্রতিদিন বিকেল ৫.০০ ঘটিকার মধ্যে সকল আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক দপ্তর থেকে ধান-চাল সংগ্রহের তথ্য ও দৈনিক বাজারদর ই-মেইলে খাদ্য অধিদপ্তরের সংগ্রহ বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে;

১২। কোনো প্রকার আনুষ্ঠানিকতার সুবাদে যাতে কোনোক্রমেই সংগ্রহ কার্যক্রম বিলম্বিত না হয় সে বিষয়ে সংশ্লিষ্ট সকলকে সচেষ্ট থাকতে হবে;

১৩। বিদ্যমান করোনা (কোভিড-১৯) পরিস্থিতিতে স্বাস্থ্যবিধি মেনে সকল কার্যক্রম গ্রহণ করতে হবে।

৬-৫-২০২১

ড. মোছাম্মৎ নাজমানারা খানুম
সচিব
ফোন: +৮৮০২৯৫৪০০৮৮
ফ্যাক্স: +৮৮০২৯৫১৪৬৭৮
ইমেইল:
secretary@mofood.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ
২) সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
৩) বিভাগীয় কমিশনার (সকল)
৪) অতিরিক্ত সচিব , সংগ্রহ ও সরবরাহ অনুবিভাগ, খাদ্য মন্ত্রণালয়
৫) মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর
৬) জেলা প্রশাসক (সকল)
৭) মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, খাদ্য মন্ত্রণালয়
৮) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, খাদ্য মন্ত্রণালয়

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৯১.৪৫.৩২২.২১.৭৫

তারিখ: ২৩ বৈশাখ ১৪২৮
০৬ মে ২০২১

অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

৬-৫-২০২১
মোঃ রায়হানুল কবীর
পরিচালক

ফোন: +৮৮-০২-৪১০৫০১৭৮
ইমেইল: dproc@dgfood.gov.bd

আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক (সকল)

স্মারক নম্বর: ১৩.০১.০০০০.০৯১.৪৫.৩২২.২১.৭৫/১(১৩)

তারিখ: ২৩ বৈশাখ ১৪২৮
০৬ মে ২০২১

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২) মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।

৩) অতিরিক্ত মহাপরিচালক (চলতি দায়িত্ব), অতিরিক্ত মহাপরিচালকের দপ্তর, খাদ্য অধিদপ্তর, ঢাকা।

৪) পরিচালক (সকল), খাদ্য অধিদপ্তর, ঢাকা।

৫) মাননীয় খাদ্যমন্ত্রীর একান্ত সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। মাননীয় খাদ্যমন্ত্রীর সদয় অবগতির জন্য।

৬) সিনিয়র সহকারী সচিব , অভ্যন্তরীন সংগ্রহ শাখা, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৭) সিস্টেম এনালিস্ট, কম্পিউটার নেটওয়ার্ক ইউনিট, খাদ্য অধিদপ্তর, ঢাকা। পত্রটি খাদ্য অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো।

৬-৫-২০২১
মোঃ রায়হানুল কবীর
পরিচালক